



# ই-হজ ব্যবস্থাপনা জনসেবায় উদ্ভাবন

## উদ্ভাবনে রুপান্তর ও স্মার্ট বাংলাদেশের সূচনা

**ধর্ম বিষয়ক মন্ত্রণালয়**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার


# প্রেক্ষাপট

- হজ ইসলামের পাঁচটি মৌলিক স্তম্ভের অন্যতম।
- বাংলাদেশ বিশ্বে ৪র্থ হজযাত্রী প্রেরণকারী দেশ।
- হজ কার্যক্রম একটি বিস্তৃত সময়াবদ্ধ ব্যবস্থাপনা।
- বিগত সময়ে হজযাত্রীদের হজ পালনে দুর্ভোগ, হজের অব্যবস্থাপনা, মধ্যস্বত্বভোগীদের দৌরাত্ম, হজযাত্রীদের হয়রানি, ভিসা জটিলতা, ফ্লাইট বিপর্যয় ইত্যাদির সম্মুখীন হতেন।
- মাননীয় প্রধানমন্ত্রীর দিকনির্দেশনায় **"ই-হজ ব্যবস্থাপনা"** প্রবর্তন ও হজ ব্যবস্থাপনা ডিজিটাইজেশনের মাধ্যমে আমূল পরিবর্তন সাধিত হয়েছে।



হজ কার্যক্রম-২০২২
এর
শুভ উদ্বোধন
প্রধান অতিথি : শেখ হাসিনা এমপি
মাননীয় প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থান: গণভবন
সময়: সকাল ১০:৩০ ঘটিকা
তারিখ: ২০ জৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ
৩ জুন ২০২২ খ্রিস্টাব্দ
"মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা,
ই-হজ ব্যবস্থাপনা"

# হজযাত্রী বৃদ্ধির তথ্য



# উদ্দেশ্যসমূহ

- হজ ব্যবস্থাপনায় অতীতের ভোগান্তি হ্রাস ও হজযাত্রীদের দোরগোড়ায় সেবা পৌঁছে দিয়ে হজ ব্যবস্থাপনার উন্নয়ন সাধন;
- হজ ব্যবস্থাপনার আধুনিকায়নের মাধ্যমে হজ সেবা সহজিকরণ, নতুন প্রযুক্তি ও পদ্ধতির প্রয়োগ এবং উদ্ভাবনের মাধ্যমে একটি স্মার্ট হজ ব্যবস্থাপনা উপহার দেওয়া;
- হজযাত্রীদের সকল প্রকার বিড়ম্বনা দূরীকরণ;
- মধ্যসত্বভোগী ও প্রতারক চক্রের দৌরাত্ম্য হ্রাস;
- হজযাত্রীদের প্রাক-নিবন্ধন ও নিবন্ধন ব্যবস্থাপনা সহজিকরণ;

# উদ্দেশ্যসমূহ

- হজযাত্রীদের নিরাপত্তা ও স্বাস্থ্য সেবার মান উন্নয়ন;
- হজযাত্রীদের ভিসা, ফ্লাইট, আবাসন, পরিবহন ও লাগেজ ব্যবস্থাপনা সহজিকরণ;
- হজযাত্রীদের ইমিগ্রেশন ব্যবস্থাপনা সহজিকরণ;
- বেসরকারি হজ ব্যবস্থাপনার সকল কার্যক্রম মনিটরিং এবং অভিযোগ নিষ্পত্তি;
- "হজ সেবা হাতের মুঠোয়" ধারণা বাস্তবায়নে মোবাইল এ্যাপস এর মাধ্যমে হজ কার্যক্রম সম্পাদন;
- একটি হজ সনের পূর্বেই হজের প্রস্তুতির জন্য হজের সকল পরিকল্পনা;
- "Data for Decision" ই-হজ সিস্টেমের ডাটা এনালাইসিস এবং ভিস্যুয়ালাইজেশনের মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ;
- ডিজিটাল বাংলাদেশ পেরিয়ে মাননীয় প্রধানমন্ত্রীর বিষ্ময় রূপান্তর পরিকল্পনা "স্মার্ট বাংলাদেশ" বিনির্মাণে অংশীদারী হওয়া।

# ২০২২ সালে ই-হজ ব্যবস্থাপনায় প্রদত্ত ই-সেবা সমূহ

প্রাক-নিবন্ধন
১০৫,১৯৬

নিবন্ধন
৬০,৪২৯

প্রি-এরাইভাল ইমিগ্রেশন
৫৫,৫৭৪ (৯২%)

ই-হেলথ সার্টিফিকেট
৬০,৪২৯

এসএমএস
১০,৪৬,১৪৭

ফোনকল
৩৫,৪৩৪

চিকিৎসা ব্যবস্থাপত্র
৩৪,২৮২

মোবাইল অ্যাপ
১৫,৯৪২

হেল্পডেস্ক (সৌদি আরব)
৮১,৭১২

পাসপোর্ট ভেরিফিকেশন
৬০,৫১৬

হজ ই-ভিসা
৫৯,৯৩৪

হজযাত্রী অনুসন্ধান
১,১৯২,২৩০

সক্রিয় ইউজার
২২,৬১৮

GIS Location ট্র্যাকিং

কিউ ম্যানেজমেন্ট
৩৪,২৮২

হারানো হাজী সন্ধান
৬৩২

হারানো লাগেজ সন্ধান
১,২৯৩


ইমেইল, চ্যাট সার্ভিস
৮,৩৮৯

ব্যাংক লেনদেন
৪৩০ কোটি টাকা



# হজযাত্রীদের প্রাক-নিবন্ধন ও নিবন্ধন

সৌদি সরকার প্রদত্ত কোটার তুলনায় আবেদনকারী হজযাত্রীদের সংখ্যা বেশি হওয়ায় হজযাত্রীগণ হজের প্রাথমিক ধাপ প্রাক-নিবন্ধন সম্পন্ন করে হজযাত্রার সিরিয়াল গ্রহণ করেন। প্রাক-নিবন্ধন বছরব্যাপী চলমান থাকে এবং সুশৃঙ্খলভাবে ও ন্যায্যতার ভিত্তিতে ক্রমানুযায়ী হজে যাওয়ার সুযোগ প্রদান করা হয়। হজযাত্রীদের হজে যাবার নিশ্চয়তা প্রদানের এই উদ্ভাবনের কারনে হজযাত্রীগণ নির্বিঘ্নে কোন রকম ঝামেলা ছাড়া পবিত্র হজ পালনে যেতে পারছেন। প্রাক-নিবন্ধনের সিরিয়াল অনুযায়ী হজে যাবার সুযোগপ্রাপ্ত হজযাত্রীগণ নিবন্ধন সম্পন্ন করে থাকেন।




# প্রাক-নিবন্ধন প্রক্রিয়া

### Prerequisite

1. Ministry of Religious Affairs call for registration according to the serial number based on quota

2. Pilgrim who has the serial within that range will be eligible for registration

### Apply for registration

1. Passport
2. Photocopy of preregistration certificate

**For Government Pilgrims**
- UDC (Union Digital Center)
- District Office
- Islamic Foundation Office
- Haj office, Dhaka
- Haj portal (www.hajj.gov.bd)

**For Private Pilgrims**
Registered agencies approved by MoRA

- Passport verification
- Generate voucher

### Payment

Submit the registration fee in selected bank according to the registration voucher

### Confirmation


1. SMS confirmation
2. Registration certificate from bank

# নিবন্ধন প্রক্রিয়া

কোন হজযাত্রী প্রাক-নিবন্ধনের পর তা বাতিল করতে চাইলে অনলাইনে আবেদন করে সহজেই ইএফটির মাধ্যমে অর্থ ফেরত পাচ্ছেন।





হজযাত্রীর ট্র্যাকিং নম্বর

আপনার ট্র্যাকিং নাম্বার টাইপ করুন

হজযাত্রীর মোবাইল নম্বর

আপনার মোবাইল নাম্বার টাইপ করুন

I'm not a robot
reCAPTCHA
Privacy - Terms

Back Submit

**ট্র্যাকিং নম্বর কি?**

প্রতিটি হজযাত্রীর আবেদনকে আলাদাভাবে সনাক্ত করে দাপ্তরিক কাজের সুবিধার্তে একটি নম্বর সিস্টেম হতে দেয়া হয়, যা ট্র্যাকিং নম্বর নামে পরিচিত। আপনি আপনার ট্র্যাকিং নম্বরটি না জানলে, অনুগ্রহ করে যে প্রাক-নিবন্ধন স্থান হতে আপনার আবেদন করেছেন, তাদের সাথে যোগাযোগ করে ট্র্যাকিং নম্বরটি জেনে নেবেন। প্রাক-নিবন্ধনের পেমেন্ট ভাউচার, প্রাক-নিবন্ধন সনদে ও ট্র্যাকিং নম্বরটি পাবেন।

আবেদন সম্পর্কিত নির্দেশনাঃ

১. আপনার প্রদত্ত ট্রাকিং নম্বর ও প্রাক্-নিবন্ধন করার সময় যে মোবাইল নম্বর ব্যবহার করেছেন টাইপ করুন।
২. "I am not robot" টিকমার্ক দিন । যদি কোন সিম্বল বা প্রতিকি চায় তা সিলেক্ট করে ভেরিফাই করুন।
৩. সকল তথ্য দেওয়ার পর “Submit” বাটনে ক্লিক করুন।
৪. আপনার মোবাইল নাম্বার ঠিক না থাকলে আপনি নিজে রিফান্ড আবেদন করতে পারবেন না, সরকারি হজযাত্রীগন প্রাক-নিবন্ধনের কেন্দ্র থেকে আবেদন করতে পারবেন ।
৫. তথ্য সহায়তা কেন্দ্রের ফোন নম্বরঃ +৮৮০৯৬০২৬৬৬৭০৭, ই-মেল: info@hajj.gov.bd

# হজের প্রাক-নিবন্ধন রিফান্ড সেবা সহজিকরণ

**ধর্ম বিষয়ক মন্ত্রণালয়**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার




# হজের প্রাক-নিবন্ধন ইলেকট্রিক রিফান্ড সিস্টেমের উদ্বোধন

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার




# নিবন্ধিত হজযাত্রীদের নিবন্ধন রিফান্ড সহজিকরণ

হজযাত্রী হজ নিবন্ধন বাতিল করে অর্থ ফেরত আবেদন সহজভাবে আবেদনকারী হজযাত্রী/ সংশ্লিষ্ট হজ এজেন্সিকে ইএফটি এর মাধ্যমে অর্থ ফেরত প্রদান করা হয়।

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার




# Makkah Route Service

## প্রি-এরাইভাল ইমিগ্রেশন সেবা সহজিকরণ


সৌদি আরবের বিমানবন্দরে বাংলাদেশী হজযাত্রীদের অপেক্ষার সময় ও কষ্ট কমিয়ে আনার লক্ষ্যে বাংলাদেশি হজযাত্রীদের সৌদি আরব অংশের ইমিগ্রেশন জেদ্দা/মদিনার পরিবর্তে ঢাকায় সম্পন্ন করা হয়। ফলে জেদ্দা/মদিনায় বিমান বন্দরে বাংলাদেশী হজযাত্রীদের অপেক্ষার সময় ও কষ্ট লাঘব হয়েছে।

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



# Makkah Route Service

## প্রি-এরাইভাল ইমিগ্রেশন সেবা সহজিকরণ










# হজযাত্রীদের লাগেজ ব্যবস্থাপনা সহজিকরণ

বাংলাদেশ থেকেই সৌদি আরবের ইমিগ্রেশন সম্পন্ন করা এবং লাগেজে বাড়িভিত্তিক বিশেষ রং এর স্টিকার লাগোনো হয়। পরবর্তীতে হজযাত্রীদের লাগেজগুলো স্টিকার অনুযায়ী সরাসরি হজযাত্রীর মক্কা/মদিনার হোটেল/বাড়ির কক্ষে পৌঁছে দেয়া হয়েছে। হজযাত্রীগণ বিমানবন্দরে অপেক্ষা না করে সরাসরি নির্ধারিত বাসে স্ব-স্ব বাড়িতে চলে গিয়েছেন এবং হজযাত্রী পৌঁছার পূর্বেই লাগেজ হজযাত্রীর ঠিকানায় পৌঁছে যাওয়ায় হজযাত্রীগণ অত্যন্ত সন্তুষ্ট হয়েছেন। পাশাপাশি হজযাত্রীদের লাগেজ সরাসরি নিজ আবাসস্থলে নিরাপদে পৌঁছে যাওয়ায় লাগেজ হারানো এবং অব্যবস্থাপনার অবসান ঘটেছে।

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



## হজযাত্রীদের স্বাস্থ্য সেবা সহজিকরণ (ই-হেলথ প্রোফাইল)

হজযাত্রীদের স্বাস্থ্য নিরাপত্তা নিশ্চিতে পূর্বতন রোগের ইতিহাস এবং ভ্যাকসিন প্রদানের তথ্য সংবলিত ই-হেলথ প্রোফাইল প্রবর্তন করা হয়েছে। হজযাত্রীরা তাদের স্বাস্থ্য প্রোফাইল এর তথ্য ফরম অনলাইন থেকে ডাউনলোড করতে পারছেন। হজযাত্রী প্রিন্টকৃত হেলথ প্রোফাইল প্রিন্ট করে অনুমোদিত স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে আসছেন। অনুমোদিত চিকিৎসক হজযাত্রীকে টিকা প্রদানের পর টিকার তথ্য ও স্বাস্থ্য বিষয়ক তথ্য স্বাস্থ্য পরীক্ষার রিপোর্ট দেখে অনলাইনে পূরণ করছেন এবং হজযাত্রীরা ই-হেলথ সনদ হজ পোর্টাল থেকে খুব সহজেই ডাউনলোড করতে পারছেন।


**ধর্ম বিষয়ক মন্ত্রণালয়**
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার




# হজযাত্রীদের স্বাস্থ্য সেবা সহজিকরণ (কিউ ম্যানেজমেন্ট সিস্টেম)

সৌদি আরবে মক্কা ও মদিনার বাংলাদেশ মেডিকেল সেন্টারে হজযাত্রীদের চিকিৎসা গ্রহণের সময় ক্রম অনুসারে সুশৃঙ্খলভাবে সেবা প্রদানের জন্য কিউ ম্যানেজমেন্ট সিস্টেম চালু করা হয়।

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার




# হজ এজেন্সি ব্যবস্থাপনা সহজিকরণ

হজ এজেন্সি প্রোফাইল ব্যবস্থাপনা সহজিকরণের জন্য বেসরকারি ব্যবস্থাপনায় হজ কার্যক্রম পরিচালনার জন্য অনুমোদিত হজ এজেন্সির ইন্টিগ্রেটেড প্রোফাইল ম্যানেজমেন্ট সিস্টেম প্রস্তুত করা হয়েছে। দ্রুত ও নির্ভুলভাবে এজেন্সি কর্তৃক প্রদানকৃত ট্রাভেল লাইসেন্স যাচাইয়ের জন্য বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের ট্রাভেল এজেন্সি সিস্টেমের সাথে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের হজ এজেন্সির প্রোফাইল ম্যানেজমেন্ট সিস্টেমের আন্তঃসংযোগ (**Integration**) স্থাপন করা হয়েছে।

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার




# হজ বিষয়ক পোর্টাল

**www.hajj.gov.bd**




# হজ গাইড মোবাইল অ্যাপস

“হজ গাইড মোবাইল অ্যাপস” হজযাত্রীদের বিভিন্ন প্রয়োজনীয় তথ্যাবলী দিয়ে সহায়তা করে যেমন হজযাত্রীদের প্রোফাইল তথ্য, হজ পদ্ধতির প্রয়োজনীয় তথ্য, করনীয় ও বর্জনীয় সম্পর্কে দিকনির্দেশনা, হালনাগাদ সংবাদ ও তথ্য, প্রার্থনার সময়, জরুরী যোগাযোগ, ঐতিহাসিক স্থান সম্পর্কে তথ্য, মানচিত্রে অবস্থান, মানচিত্রে নিকটতম স্বাস্থ্যসেবা কেন্দ্রের অবস্থান, পবিত্র কোরআন থেকে বাংলা, ইংরেজি এবং আরবি ভাষায় সমস্ত সূরার অডিও, আবহাওয়ার সংবাদ ইত্যাদি। এছাড়াও এই অ্যাপসটি মানচিত্রে তাঁবু অবস্থান ও **GPS** লোকেশন বের করতে সহায়তা করে যার মাধ্যমে একজন হাজী খুব সহজেই তাঁর কাঙ্ক্ষিত তাবুতে পৌঁছাতে পারছেন।




হজ প্রশিক্ষণ মডিউল
(দেশব্যাপী সকল হজযাত্রীদের প্রশিক্ষণ)

ঢাকায় কেন্দ্রীয়ভাবে এবং সারাদেশে জেলা পর্যায়ে সকল হজযাত্রীর জন্য প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ফলে হজযাত্রীগণ সহজেই হজ পালনে করনীয় এবং বর্জনীয় সম্পর্কে প্রশিক্ষণ নিতে পারছেন। এছাড়াও হজ বিষয়ক একটি প্রশিক্ষণ মডিউল ডকুমেন্টারি প্রস্তুত করা হয়েছে।

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার




# হজযাত্রীদের এসএমএস (SMS) সেবা

প্রত্যেক হজযাত্রীকে এসএমএস প্রেরণ করে তথ্য সেবা এবং বিভিন্ন বিষয়ে অবগতি ও করণীয় বিষয়সমূহ অবহিত করতে নোটিফিকেশন প্রদান করা হয়ে থাকে যেমন হজযাত্রীগণ তাদের প্রি-রেজিস্ট্রেশনের ও রেজিস্ট্রেশনের নোটিফিকেশন, প্রশিক্ষণের স্থান, সময় ও তারিখে: টিকা গ্রহণের তারিখ ও স্থান: ভিসা, ফ্লাইটের, স্বাস্থ্য সংক্রান্ত নোটিফিকেশন এবং এছাড়াও প্রয়োজনীয় তথ্য ক্ষুদেবার্তা (**SMS**) প্রেরণ করা হচ্ছে। উল্লেখিত সেবা প্রদানের ফলে হজযাত্রীগণ ঘরে বসেই বিনামূল্যে বিভিন্ন তথ্য সেবা পাচ্ছেন এবং তাঁদের করণীয় সম্পর্কে জানতে পারছেন। এতে হজযাত্রীদের কোন বিড়ম্বনায় পড়তে হচ্ছে না। এছাড়া কমেছে ভিজিট সংখ্যাও।



হজ বিষয়ক কল সেন্টার (09602666707) চালুর ফলে দেশের লক্ষাধিক হাজযাত্রী ছাড়াও দেশে-বিদেশ থেকে হজ বিষয়ক তথ্যের সর্বশেষ তথ্যাদি পাচ্ছেন। হজ বিষয়ক কল সেন্টার তথ্যাদি প্রদানের পাশাপাশি হজযাত্রীদের প্রদাকৃত তথ্যের ভিত্তিতে প্রাক-নিবন্ধন ও নিবন্ধন কার্যক্রমে সার্বিক সহায়তা প্রদান করছেন যার মাধ্যমে হজ যাত্রীদের সেবা প্রাপ্তি অনেক সহজ হয়েছে।

## হজ বিষয়ক কল সেন্টার সেবা

WWW.HAJJ.GOV.BD
হজ তথ্য সেবাকেন্দ্র
09602666707


**ধর্ম বিষয়ক মন্ত্রণালয়**
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার





# Integration (আন্তঃসংযোগ)

# হজযাত্রীদের প্রাক-নিবন্ধন রিফান্ড সেবা সহজিকরণ

# পূর্বের পদ্ধতির প্রসেস ম্যাপ



# বাস্তবায়িত পদ্ধতির প্রসেস ম্যাপ





P1= আবেদনকারী হজযাত্রী
P2 = ব্যাংক ব্যবহারকারী
P3= মন্ত্রণালয়/হজ অফিস, ঢাকা
T = Time
V= Visit

## TCVQ (Time, Cost, Visit, Quality) অনুসারে তুলনা

| ক্রম | ক্ষেত্র | পূর্বের পদ্ধতি | বর্তমান পদ্ধতি |
|---|---|---|---|
| ১। | ধাপ | ০৯ | ০৫ |
| ২। | খরচ (নাগরিক+অফিস) | নির্ধারিত সরকারি বিনামুল্যে | নির্ধারিত সরকারি ফি: বিনামুল্যে |
| ৩। | সময় (নাগরিক+অফিস) | ৩৮ কার্যদিবস | ০৮ কার্যদিবস |
| ৪। | ভিজিট | ০৮ | ০৫ |
| ৫। | যাতায়াত খরচ | ২২০০/- (আনুমানিক) | বিনামুল্যে |
| ৬। | সেবার মান | ভুল হবার সম্ভাবনা রয়েছে | ভুল হবার সম্ভাবনা নেই |


# হজযাত্রীদের নিবন্ধন রিফান্ড সেবা সহজিকরণ

# পূর্বের পদ্ধতির প্রসেস ম্যাপ




ধাপ = ০৯; সময় = ১০ কর্মদিবস; ভিজিট = ৩

# বাস্তবায়িত পদ্ধতির প্রসেস ম্যাপ





ধাপ = ০৪; সময় = ০৪ কর্মদিবস; ভিজিট = ০/১

## TCVQ (Time, Cost, Visit, Quality) অনুসারে তুলনা


| ক্রম | ক্ষেত্র | ম্যানুয়াল পদ্ধতিতে রিফান্ড হলে | বর্তমান পদ্ধতি |
|---|---|---|---|
| ১। | প্রযুক্তির প্রয়োগ প্রযোজ্য কি না | না | হ্যাঁ |
| ২। | ধাপ | ০৯ | ০৪ |
| ৩। | খরচ (নাগরিক+অফিস) | নির্ধারিত সরকারি ফিঃ বিনামুল্যে | নির্ধারিত সরকারি ফিঃ বিনামুল্যে |
| ৪। | সময় (নাগরিক+অফিস) | ১০ কর্মদিবস | ০৪ কর্মদিবস |
| ৫। | যাতায়াত (নাগরিক) | ৩ বা ততোধিক | ০ বা ১ বার |
| ৬। | সেবার মান | ভুল হবার সম্ভাবনা রয়েছে | ভুল হবার সম্ভাবনা নেই |

# হজযাত্রীদের ইমিগ্রেশন ব্যবস্থা সহজিকরণ
# (Makkah Road Service)

# পূর্বের পদ্ধতির প্রসেস ম্যাপ



# বাস্তবায়িত পদ্ধতির প্রসেস ম্যাপ




## TCVQ (Time, Cost, Visit, Quality) অনুসারে তুলনা

| | বিদ্যমান পদ্ধতি | বাস্তবায়িত পদ্ধতি |
|---|---|---|
| সময় (দিন/ঘন্টা) | ০৯ থেকে ১২ ঘন্টা | ০২ ঘন্টা |
| খরচ (নাগরিক ও অফিসের) | - | - |
| যাতায়াত | - | - |
| ধাপ | ১০টি | ০৬টি |
| জনবল | - | - |
| দাখিলীয় কাগজপত্র | পাসপোর্ট, টিকেট, স্বাস্থ্যসনদ | পাসপোর্ট, টিকেট, স্বাস্থ্যসনদ |

# হজযাত্রীদের স্বাস্থ্য সেবা সহজিকরণ (ইলেক্ট্রনিক হেলথ প্রোফাইল)

# পূর্বের পদ্ধতির প্রসেস ম্যাপ



# বাস্তবায়িত পদ্ধতির প্রসেস ম্যাপ

| | |
|---|---|
| ১৫ মি | ট্র্যাকিং নং দিয়ে Electronic Health Profile ডাউনলোড |
| যাত্রা সময় | হেলথ প্রোফাইল ও স্বাস্থ্য পরীক্ষার রিপোর্টসহ স্বাস্থ্য কেন্দ্রে গমন |
| ৩০ মি | লাইনে অপেক্ষা অনুমোদিত চিকিৎসক কর্তৃক অনলাইনে যাচাই-বাছাই ও টিকা গ্রহণ |
| ১০ মি | অনুমোদিত হলে অনলাইন থেকে Electronic Health Certificate ডাউনলোড |
| | ই-হেলথ প্রোফাইল সিস্টেমে হালনাগাদ → ০ মি<br>অনুমোদিত হওয়ার সাথে সাথে সিস্টেমে হালনাগাদ (কেন্দ্রীয় পর্যায় থেকে এন্ট্রির প্রয়োজন নেই) |

| | বিদ্যমানপদ্ধতি | প্রস্তাবিতপদ্ধতি |
|---|---|---|
| সময় (দিন/ঘন্টা) | ১। হজযাত্রীদের কাছে ম্যানুয়াল হেলথ কার্ড প্রাপ্তির সময় ২.১৬ থেকে ৩.৮ ঘন্টা<br>২। ই-হেলথ প্রোফাইলে তথ্য সিস্টেমে হালনাগাদ ১.৫ মাস ১ দিন | ১। হজযাত্রীদের কাছে ই-হেলথ কার্ড প্রাপ্তির সময় ৫৫ মিনিট থেকে ১.১০ ঘন্টা<br>২। চিকিৎসক কর্তৃক অনুমোদিত হওয়ার সাথে সাথে সিস্টেমে হালনাগাদ<br>(কেন্দ্রীয় পর্যায় থেকে এন্ট্রির প্রয়োজন নেই) ।কাজেই আলাদা সময়ের প্রয়োজন হবে না |
| খরচ (নাগরিক ও অফিসের) | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় |
| যাতায়াত | আনুমানিক ৩-৪ | আনুমানিক ১-২ |
| ধাপ | ০৯টি | ০৫টি |
| জনবল | কেন্দ্রীয় পর্যায় থেকে ডাটা এন্ট্রি করার কারনে অধিক জনবলের প্রয়োজন হয় | কেন্দ্রীয় পর্যায় থেকে ডাটা এন্ট্রি করা হবে না বিধায় এসংক্রান্ত জনবলের প্রয়োজন হবে না |
| দাখিলীয়কাগজপত্র | নিবন্ধনসনদ, স্বাস্থ্যপরীক্ষাররিপোর্ট পুরণর্কৃতম্যানুয়ালফরম | স্বাস্থ্যপরীক্ষাররিপোর্ট, ডাউনলোডর্কৃত Electronic Health Profile |
| সেবার মান | ম্যানুয়াল ফর্ম পূরণ ও এন্ট্রি করার জন্য ভুল-ত্রুটি হয় এবং যথাসময়ে তথ্য হালনাগাদ না থাকা। | সিস্টেম generatedহবার কারনে ভুল-ত্রুটি হবার সম্ভাবনা নেই এবং সৌদি আরবে চিকিৎসা সেবার সময় হজযাত্রীর তথ্য সময়মত পাওয়া যাবে। |

| উদ্ভাবনী ধারণা/সহজিকরণ | ই-গভর্ন্যান্স | সহজিকরণ |
|---|---|---|
| হজযাত্রীদের প্রাক-নিবন্ধন রিফান্ড সেবা সহজিকরণ | • সেবাগ্রহিতা সহজে ঘরে বসেই সেবাটি পাচ্ছেন।<br>• সেবা প্রদানে স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি পেয়েছে | সেবা গ্রহিতার সময়, খরচ, ভিজিট হ্রাস পেয়েছে এবং সেবার প্রদানে ব্যবস্থাপনা ও মান উন্নত হয়েছে। (see table below) |
| হজ এজেন্সি ব্যবস্থাপনা সহজিকরণ | • দ্রুততা ও স্বচ্ছতা নিশ্চিতকরণ;<br>• সেবার গুণগত মান বৃদ্ধিকরণ;<br>• সুষ্ঠু ও সুন্দরভাবে সেবা প্রদান;<br>• সেবাগ্রহীতার সন্তুষ্টি বৃদ্ধি। | দ্রুত সময়ের মধ্যে এজেন্সির সকল তথ্য অনুসন্ধান করা যাচ্ছে। বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের ট্রাভেল এজেন্সি সিস্টেমের সাথে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের হজ এজেন্সির প্রোফাইল ম্যানেজমেন্ট সিস্টেমের আন্তঃসংযোগ (Integration) স্থাপন করা হয়েছে ফলে নির্ভুলভাবে লাইসেন্স যাচাই সম্ভব হচ্ছে। |

| ক্রম | ক্ষেত্র | পূর্বের পদ্ধতি | বর্তমান পদ্ধতি |
|---|---|---|---|
| ১। | ধাপ | ৯টি | ০৫টি |
| ২। | সময় | ৩৮ দিন | ০৫ দিন |
| ৩। | খরচ (যাতায়াত) | ২২০০ (আনুমানিক) | ০ (শূন্য) |

| উদ্ভাবনী ধারণা/সহজিকরণ | ই-গভর্ন্যান্স | সহজিকরণ |
|---|---|---|
| নিবন্ধিত হজযাত্রীদের নিবন্ধন রিফান্ড সহজিকরণ | • আবেদন প্রক্রিয়ায় ধাপ, সময় কমিয়ে আনা হয়েছে।<br>• সেবার গুণগত মান বৃদ্ধিকরণ<br>• সেবাগ্রহীতার সন্তুষ্টি বৃদ্ধি। | ধাপ কমে ০৯ থেকে ০৪টি হয়েছে, সময় কমে ১০ দিন থেকে ০৪ দিন, ভিজিট ৩ বা ততোধিক থেকে কমে ১টি হয়েছে। ভুল হবার সম্ভাবনা হ্রাস পেয়েছে তাই সেবার প্রদানে ব্যবস্থাপনা ও মান উন্নত হয়েছে। |
| হজযাত্রীদের ইমিগ্রেশন ব্যবস্থা সহজিকরণ (Makkah Road Service) | • হজযাত্রীদের কষ্ট ও দুর্ভোগ লাঘব করা হয়েছে। | অপেক্ষার সময় ৯-১২ ঘন্টা থেকে কমে ৩-৪ ঘন্টা হয়েছে এবং সেবার প্রদানে ব্যবস্থাপনা ও মান উন্নত হয়েছে। |
| হজযাত্রীদের স্বাস্থ্য সেবা সহজিকরণ (ইলেক্ট্রনিক হেলথ প্রোফাইল) | • সেবার গুণগত মান বৃদ্ধিকরণ;<br>• সেবাগ্রহীতার সন্তুষ্টি বৃদ্ধি<br>• দ্রুত অনুসন্ধান | ই-হেলথ প্রোফাইল চালুকরণের পূর্বে তথ্য সিস্টেমে কেন্দ্রীয়ভাবে এন্ট্রি করে হালনাগাদ করতে সময় লাগত প্রায় ১ থেকে ১.৫ মাস যা এখন রিয়েল টাইমেই সম্পন্ন হচ্ছে। এছাড়াও ভুল হবার সম্ভাবনা অনেক ছিল এবং তথ্য অনুসন্ধান করাও প্রায় অসম্ভব ছিল যা এখন খুব সহজেই করা যাচ্ছে। |
| হজযাত্রীদের স্বাস্থ্য সেবা সহজিকরণ (কিউ ম্যানেজমেন্ট সিস্টেম) | • হজযাত্রীদের কষ্ট ও দুর্ভোগ লাঘব করা হয়েছে। | সুশৃঙ্খলভাবে সেবা প্রদান করা সম্ভব হচ্ছে। |

| উদ্ভাবনী ধারণা/সহজিকরণ | ই-গভর্ন্যান্স | সহজিকরণ |
|---|---|---|
| হজযাত্রীদের লাগেজ ব্যবস্থাপনা সহজিকরণ | • আবেদন প্রক্রিয়ায় ধাপ, সময় কমিয়ে আনা হয়েছে।<br>• সেবার গুণগত মান বৃদ্ধিকরণ<br>• হজযাত্রীদের কষ্ট ও দুর্ভোগ লাঘব করা হয়েছে।<br>• সেবাগ্রহীতার সন্তুষ্টি বৃদ্ধি। | হজযাত্রীদের লাগেজ সরাসরি হজযাত্রীর মক্কা/মদিনার হোটেল/বাড়ির কক্ষে পৌঁছে দেয়া হয়েছে তাই বিমানবন্দরে ঘন্টার পর ঘন্টা অপেক্ষা করতে হচ্ছে না। |
| হজ বিষয়ক তথ্য প্রদান সহজিকরণ | • হজযাত্রীদের কষ্ট ও দুর্ভোগ লাঘব করা হয়েছে। | "হজ গাইড মোবাইল অ্যাপস" এর মাধ্যমে হজযাত্রীগণ হজ বিষয়ক বিভিন্ন তথ্য সেবা পাচ্ছেন। হজ বিষয়ক হালনাগাদ তথ্য নিয়মিত হজ পোর্টালে (www.hajj.gov.bd) তে প্রকাশ করা হচ্ছে। প্রত্যেক হজযাত্রীকে এসএমএস এর মাধ্যমে হজ বিষয়ক নোটিফিকেশন প্রদান করা হয়ে থাকে। হজযাত্রীগণ হজ পোর্টাল থেকে প্রয়োজনীয় তথ্য অনুসন্ধান করতে পারছেন। এছাড়াও হজ বিষয়ক কল সেন্টার (০৯৬০২৬৬৬৭০৭) বিভিন্ন তথ্যাদি প্রদান করছে। |

# ই-হজ ব্যবস্থাপনার অনন্য বৈশিষ্টসমূহ

- জাতীয় পরিচয়পত্র, পাসপোর্ট (MRP, e-passport), অনুমোদিত ব্যাংক, সুরক্ষা সেবা (কোভিড-১৯), ট্রাভেল এজেন্সি সার্ভার ও অন্যান্য সংশ্লিষ্ট অংশিজনের সঙ্গে আন্তসংযোগ।
- বাংলাদেশ ও সৌদি আরব পর্বে প্রায় ৩০ টিরও বেশি অংশীজন হজ কার্যক্রমের সাথে সম্পৃক্ত।
- ই-হজ ব্যবস্থাপনা জাতীয় পর্যায়ে সরকারের একটি অন্যতম সফল বাস্তবায়ন যার ব্যপ্তি প্রান্তিক পর্যায় পর্যন্ত রয়েছে। ইউনিয়ন পর্যায় হতে কেন্দ্রীয় পর্যায় পর্যন্ত ২২ হাজারেরও অধিক স্বক্রিয় ব্যবহাকারী এই সিস্টেম ব্যবহার করছেন।
- ই-হজ ব্যবস্থাপনা সিস্টেমে ইউনিয়ন ডিজিটাল সেন্টার, সকল জেলা প্রশাসকের কার্যালয়, ইসলামিক ফাউন্ডেশন জেলা কার্যালয়, দেশব্যাপী অনুমোদিত হজ এজেন্সিসমূহ, দেশব্যাপী ৩২টি অনুমোদিত ব্যাংকের শাখাসমূহ, ই-হেলথ প্রোফাইল ও ই-ভ্যাকসিন ম্যানেজমেন্ট এর জন্য স্বাস্থ্য অধিদপ্তরের অনুমোদিত টিকা এবং স্বাস্থ্য কেন্দ্র সমূহ, ফ্লাইট শিডিউল এর হালনাগাদ তথ্য প্রদানের জন্য এয়ারলাইন্স সমূহ, ইমিগ্রেশন, হজ অফিস ঢাকা, ধর্ম বিষয়ক মন্ত্রনালয় ইত্যাদি ব্যবহারকারী রয়েছে।

# ই-হজ ব্যবস্থাপনার অনন্য বৈশিষ্টসমূহ

- ই-হজ ব্যবস্থাপনার সাথে ৩৪ টি ব্যাংক সম্পৃক্ত। যেখানে ২০২২ হজ মৌসুমে প্রায় ৪৩০ কোটি টাকা লেনদেন হয়েছে।
- হজ ব্যবস্থাপনা একটি সময়াবদ্ধ কর্মযজ্ঞ। নির্দিষ্ট তারিখে হজ অনুষ্ঠিত হয় বিধায় যথাসময়ে সংশ্লিষ্ট কার্যক্রম সম্পন্ন করতে হয়।
- হজ ব্যবস্থাপনা বাংলাদেশ ও সৌদি আরবের সমন্বিত কার্যক্রম। ই-হজ ব্যবস্থাপনা আন্তর্জাতিক মানের হজ ব্যবস্থাপনা হিসেবে সমাদৃত হয়েছে। ২০২২ সনে সরকার অত্যন্ত দ্রুততার সাথে ও সফলভাবে হজ ব্যবস্থাপনা সম্পন্ন করে; যা বিশ্বব্যাপী প্রশংসিত হয়েছে।
- এই উদ্যোগের সকল কার্যক্রম অত্যন্ত স্বল্প সময়ের মধ্যে সফলভাবে বাস্তবায়ন হওয়ায় ২০২২ সালের হজ সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন হয়েছে।

# ভবিষ্যৎ পরিকল্পনা


- চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় হজ ব্যবস্থাপনার আধুনিকায়ন ও যুগোপযোগীকরণ।
- হাতের মুঠোয় হজসেবা পৌঁছে দিতে ইন্টিগ্রেটেড "ই-হজ মোবাইল অ্যাপস"।
- অনলাইনে হজের অভিযোগ নিস্পত্তি ব্যবস্থাপনা।
- হজ এজেন্সির e-Rating management
- বায়োমেট্রিক ভিসা।
- ই-প্যামেন্ট ব্যবস্থাপনা (Cashless transection system)
- হজযাত্রী এবং সংশ্লিষ্টদের হজ প্রশিক্ষণে হজ ই-লার্নিং প্ল্যাটফর্ম এবং ই-সার্টিফিকেট
- হেল্পলাইন সাপোর্টের জন্য Short Code (১৬১৩৬) এর প্রবর্তন।
- আধুনিক ডিজিটাল ল্যাব স্থাপন।
- e-Clinic management

# ভবিষ্যৎ পরিকল্পনা

- ডাটা একক সোর্স থেকে সংরক্ষণের জন্য জন্মনিবন্ধনসহ অন্যান্য আন্তঃসংযোগ
- বিগ ডাটা, ডাটা এনালাইসিস, ভিজুয়ালাইজেশন এবং ডাটাভিত্তিক সিদ্ধান্ত গ্রহণ।
- ব্লকচেইন ব্যবস্থাপনা।
- কৃত্তিম বুদ্ধিমত্তা ব্যবহার ।
- হজযাত্রী সেফটি ম্যানেজমেন্ট আইওটির ব্যবহার (ডিজিটাল ফিটনেস ট্র্যাকার, স্বাস্থ্য মনিটরিং, হারানো হাজী ও হারানো লাগেজ ব্যবস্থাপনা, দূর্যোগ ব্যবস্থাপনা ইত্যাদি)।
- প্রশিক্ষণে মেটাভার্সের ব্যবহার হজ বিষয়ক প্রশিক্ষণে যা অত্যন্ত কার্যকরী ভুমিকা রাখতে পারে।
- হজ অফিস ঢাকার অবকাঠামো উন্নয়ন।

# ভবিষ্যৎ পরিকল্পনা

- সময় = ০ (শুন্য)
  - * ই-হজ ব্যবহারের সময়
- খরচ = ০ (শুন্য)
- ভিজিট = ০ (শুন্য)
- সেবার মানোন্নয়ন



ই-হজ মোবাইল অ্যাপস

হাতের মুঠোয় হজসেবা

# হজ কার্যক্রম ২০২২ এর কিছু স্থির চিত্র

# মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক হজ কার্যক্রম ২০২২ এর শুভ উদ্বোধন



প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে রাজধানীর আশকোনায় 'হজ কার্যক্রম-২০২২' এর উদ্বোধন অনুষ্ঠানে বক্তব্য রাখেন (শুক্রবার, ৩ জুন ২০২২)-পিআইডি



হজের নিবন্ধন সেবা



প্রি-এরাইভাল ইমিগ্রেশন সেবা



চিকিৎসা ব্যবস্থাপত্র




লাগেজ ব্যবস্থাপনা সহজিকরণ




কিউ ম্যানেজমেন্ট




ই-হেলথ প্রোফাইল





হজের রিফান্ড সেবা




এজেন্সি প্রোফাইল ব্যবস্থাপনা




অনুদান সেবা সহজিকরণ




হজ গাইড মোবাইল অ্যাপ

# হজ বিষয়ক প্রশিক্ষণ






# হজ ফ্লাইট ২০২২ এর শুভ উদ্বোধন



# মক্কা রোড সার্ভিস এর শুভ উদ্বোধন



# মক্কা রোড সার্ভিস কার্যক্রম



